



**শিক্ষা নীতি বাস্তবায়নে  
সব কিছু করা হইবে**

বাসস জানায়, শিক্ষা মন্ত্রী মাহবুবুর রহমান গতকাল (শনিবার) ঢাকায় বলিয়াছেন যে, বর্তমান সরকারের শিক্ষানীতির লক্ষ্য হইতেছে নির্ধারিত সময়ে ফলপ্রসূ এবং বাস্তব শিক্ষা পদ্ধতি ও উত্তম পরীক্ষা পদ্ধতির মাধ্যমে ছাত্রদেরকে প্রয়োজনীয় শিক্ষা ও জ্ঞান দান। তিনি বলেন যে, এই লক্ষ্য অর্জনে পর্যায়ক্রমে সব কিছু করা হইবে।

জনাব মাহবুবুর রহমান মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যানগণ এবং মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাদের এক উচ্চপর্যায়ের বৈঠকে বক্তৃতা করেন। শিক্ষা উপ-মন্ত্রী গোলাম সারো (শেষ পঃ ৩-এর কঃ দঃ)

**শিক্ষা নীতি বাস্তবায়নে**

(১ম পৃঃ পর)

য়ান এই উপলক্ষে উপস্থিত ছিলেন।

শিক্ষা মন্ত্রী বলেন যে, বিভিন্ন পদ্ধতি ও পদক্ষেপের মাধ্যমে সকল পর্যায়ের শিক্ষকদের অধিকতর কর্তব্যাপন্নায়ন করিতে হইবে। তিনি ছাত্রগণকে শিক্ষা গ্রহণে নিবেদিত করিয়া তোলার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

জনাব মাহবুবুর রহমান বলেন, শিক্ষা খাতের ব্যয়ের তিন-চতুর্থাংশ সরকার বহন করেন। বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার জন্য ব্যয় আরও বেশী। তিনি এই ব্যয়কে ফলপ্রসূ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

শিক্ষা প্রশাসনের বিকেন্দ্রীকরণ প্রসঙ্গে মাহবুবুর রহমান বলেন যে, ৮টি আঞ্চলিক উপ-পরিচালক অফিস চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে।